

হাজার হাজার বছর আগে এক রাতে তেমনি –
তেমনি একটি তারা আকাশে জ্বলছে এখনো।

- গ. সাঁতার বাঘের মতো
মেঘ ঠেলে, লাফ দেয় চাঁদ।
এখুনি একটা কিছু হবে, মনে হয়।
দুটো ডিঙি পাশাপাশি প'ড়ে আছে –
ঢেউয়ের চুমোয় তারা পাগলের মতো
যাবে কি যাবে না, ঠিক বুঝতে পারে না।
এখুনি একটা কিছু হবে মনে হয় ॥

— x —

কলা স্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

সাম্মানিক বাংলা

ছন্দ অলংকার ইমেজারি

কোর্স ইউ.জি. - ৩.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

১. নিম্নলিখিত যে কোনও দুটি বিষয় বুঝিয়ে লেখো। ২^১/_২ x ২ = ৫
- (ক) সনেট
(খ) পদ
(গ) অমিত্রাক্ষর ছন্দ
(ঘ) মহাপয়ার
- ২ক. ছন্দোলিপি তৈরি করে নীচের কবিতাংশগুলি কোন্ ছন্দে লেখা
জানাও (যে কোনও ২টি) ৪^১/_২ x ২ = ৯
- ক. মন যে তাহার হঠাৎপ্লাবনী
নদীর প্রায়
অভাবিত পথে সহসা কী টানে
বাঁকিয়া যায় –
সে তার সহজ গতি,
সেই বিমুখতা ভরা ফসলের
যতই করুক ক্ষতি।
বাঁধা পথে তারে বাঁধিয়া রাখিবে যদি
বর্ষা নামিলে খরপ্রবাহিনী নদী

(Turn over)

(2)

- খ. ভালোবাসা এসেছিল
এমন সে নিঃশব্দ চরণে
তারে স্বপ্ন হয়েছিল মনে,
দিই নি আসন বসিবার।
বিদায় সে নিল যবে, খুলিতেই দ্বার
শব্দ তার পেয়ে
ফিরায়ে ডাকিতে গেনু ধয়ে।
তখন সে স্বপ্ন কায়াহীন,
নিশীথে বিলীন –
দূরপথে তার দীপশিখা
একটি রক্তিম মরীচিকা।
- গ. ঐ-যে সন্ধ্যা খুলিয়া ফেলিল তার
সোনার অলংকার।
ঐ সে আকাশে লুটায় আকুল চুল
অঞ্জলি ভরি ধরিল তারার ফুল,
পূজায় তাহার ভরিল অঙ্ককার।

অথবা

- ২খ. (কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্যে) ৯
বাংলা ছন্দে রবীন্দ্রনাথের অবদান বিষয়ে আলোচনা করো।
- ৩ক. অপহৃতি অলংকার কাকে বলে? উদাহরণসহ বিশ্লেষণ করো। ৪

অথবা

- ৩খ. প্রয়োজনীয় যুক্তিসহ যে কোনও দুটি কবিতাংশের অলংকার নির্ণয় করো। ২x২=৪
- ক. খসিয়া পড়েছে সোহাগ লতিকা,
ও গো সুন্দর চোর।

(3)

- খ. কে তুমি হেথা বিজনে বসি –
নর, কি ঋষি, দেবতা?
অঙ্গ ছাপি পুণ্যপ্রভা চমকে।
- গ. বন থেকে এল এক টিয়ে মনোহর।
সোনার টোপর শোভে মাথার উপর ॥
- ৪ক. কবিতার ইমেজ কীভাবে কবিতার 'বিষয়'কে পরিষ্কৃত করে তোলে,
উদাহরণসহ বুঝিয়ে লেখো। ৮

অথবা

- ৪খ. নীচের যে কোনও একটি কবিতাংশের ইমেজ বিশ্লেষণ করো। ৮
- ক. তোমার মোহন রূপে
কে বয় ভুলে?
জানি না কি মরণ নাচে
নাচে গো ওই চরণ-মূলে?
শরৎ আলোর আঁচল টুটে
কিসের বালক নেচে উঠে,
ঝড় এনেছ এলোচুলে।
মোহন রূপে কে রয় ভুলে?

- খ. ভোর;
...একটি তারা এখনো আকাশে রয়েছে
পাড়াগাঁর বাসরঘরে সবচেয়ে গোখুলি-মদির মেয়েটির মতো;
কিংবা মিশরের মানুষী তার বুকের থেকে যে মুক্তা
আমার নীল মদের গেলাসে রেখেছিল

(Turn over)